

নম্বর: ৩৮.০১.৩০০০.০০০.০৮.০০২.২২.১৯৪৩

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪২৯
০৮ ডিসেম্বর ২০২২


অফিস আদেশ

প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা এর আওতাধীন নিম্ন বর্ণিত শিক্ষককে ১৯৫৯ সনের নির্ধারিত ছুটি বিধিমালার ৩ (১) (iii) বিধি মোতাবেক অর্ধগড় বেতনে অর্জিত ছুটি (বহিঃবাংলাদেশ) মঞ্জুরসহ নিম্নবর্ণিত শর্তে নিজ খরচে তাঁর নামের পার্শ্বে উল্লেখিত দেশে ভ্রমণের অনুমতি প্রদান করা হলো।

ক্রমিক নং	শিক্ষকের নাম, পদবী ও কর্মরত বিদ্যালয়	ভ্রমণের সময়কাল	ভ্রমণের উদ্দেশ্য ও স্থান
১.	জনাব সুচিত্রা রানী দাস, সহকারী শিক্ষক, রামদিয়া বালক সপ্রাবি, বালিয়াকান্দি, রাজবাড়ী।	১৭.১২.২০২২ খ্রি: থেকে অথবা যাত্রার তারিখ হতে ১০ (দশ) দিন।	তীর্থস্থান ভ্রমণের জন্য; ভারত।

শর্তাবলী :

- ছুটিতে যাওয়ার পূর্বে সংশ্লিষ্ট ক্লাস্টারের সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার এবং উপজেলা/থানা শিক্ষা অফিসারকে অবহিত করতে হবে।
- বর্ণিত শিক্ষক বাংলাদেশে প্রত্যাবর্তনের পরে অনতিবিলম্বে সংশ্লিষ্ট ক্লাস্টারের সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার এবং উপজেলা/থানা শিক্ষা অফিসারের নিকট রিপোর্ট করবেন;
- বিদেশ ভ্রমণ ও অবস্থানের জন্য সরকারের উপর কোন আর্থিক দায়-দায়িত্ব বর্তাবে না;
- তিনি ছুটিকালীন সময়ের বেতন ভাতাদি বাংলাদেশী মুদ্রায় প্রাপ্য হবেন;
- তিনি নির্ধারিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না।
- অনুমোদিত বহি: বাংলাদেশ ছুটি পরবর্তী অননুমোদিত অনুপস্থিতির জন্য তিনি কোন বেতন-ভাতাদি প্রাপ্য হবেন না;
- অনুমোদিত ছুটি ভোগের পরে নির্ধারিত সময়ের মধ্যে কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- এ ছুটি ভোগের ক্ষেত্রে B.S.R (Part-1) এর Appendix-Viii এর Rule-34 এর বিধান প্রযোজ্য হবে;
- জনাব সুচিত্রা রানী দাস এর স্বামী মুকুল কুমার সাহা উক্ত শিক্ষকের সঙ্গী হইবেন।
- প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ৩১ জানুয়ারি ২০১৯ তারিখের ৩৮.০০২.০০৫.০০.০০১.২০১৪-১১৯ স্মারক মূলে এ আদেশ জারী করা হলো।



৮-১২-২০২২

মীর্জা মোঃ হাসান খসরু
উপপরিচালক

নম্বর: ৩৮.০১.৩০০০.০০০.০৮.০০২.২২.১৯৪৩/১(১০)

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪২৯
০৮ ডিসেম্বর ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ১) মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর।
- ২) মান্যবর হাইকমিশনার, বাংলাদেশস্থ ভারতীয় হাইকমিশন, ঢাকা, ।
- ৩) পরিচালক, (পলিসি ও অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৪) পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা ।
- ৫) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজবাড়ী ।
- ৬) উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বালিয়াকান্দি, রাজবাড়ী, ।
- ৭) উপজেলা শিক্ষা অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ী।
- ৮) ইমিগ্রেশন অফিসার, স্থলবন্দর (সকল)।
- ৯) জনাব সুচিত্রা রানী দাস, সহকারী শিক্ষক, রামদিয়া বালক সপ্রাবি, বালিয়াকান্দি, রাজবাড়ী।
- ১০) সংরক্ষণ, নথি।

৮-১২-২০২২

মীর্জা মোঃ হাসান খসরু
উপপরিচালক